কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-৪ শাখা
**www.moa.gov.bd**

স্মারক নং-১২.০০.০০০০.০৭৮.২২.০০১.১৮- ১০৯

তারিখঃ ০৩/০৬/২০১৮ খ্রিঃ।
২০/০২/১৪২৫ বং।

**বিষয়ঃ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে স্বাক্ষরিত 'Memorandum of Understanding' এর আলোকে-মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির এক সভা জনাব মোহাম্মদ নজমুল ইসলাম, অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ৩০ মে, ২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ শামীম মিঞা)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪০৬০২
ই-মেইল: policy4moa@gmail.com

**বিতরণ, (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা। (দৃঃ আঃ জনাব মনোজ কান্তি বৈরাগী, মহাব্যবস্থাপক, কৃষি ঋণ বিভাগ)
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা। (দৃঃ আঃ জনাব মোঃ সানোয়ারুল কবির, দ্বিতীয় সচিব, শুল্ক আন্তর্জাতিক বাণিজ্য চুক্তি)
৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। (দৃঃ আঃ পরিচালক, দক্ষিণ-পূর্ব এশিয়া উইং)
৪। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো', টিসিবি ভবন, ৫ম তলা, কারওয়ান বাজার, ঢাকা। (দৃঃ আঃ জনাব অনুপ কান্তি সাহা, উপ-পরিচালক)
৫। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশন, ফার্মগেট, ঢাকা।
৮। ড. মোঃ শমসের আলী, বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশন, ফার্মগেট, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
১০। সদস্য পরিচালক, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
১১। জনাব মোঃ আনিস উদ দৌলা, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা।
১২। ড.শেখ আব্দুল কাদের, বাংলাদেশ পটেটো এক্সপোর্টারস এসোসিয়েশন, ৬৭, পুরানো পল্টন, ঢাকা।

অনুলিপিঃ

১। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
(সভার কার্যবিবরণীটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
২। অতিরিক্ত সচিব (পিপিসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (পিপিবি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-৪ শাখা
www.moa.gov.bd

৭০

**বিষয়ঃ বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে স্বাক্ষরিত 'Memorandum of Understanding' এর আলোকে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ নজমুল ইসলাম, অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ৩০ মে, ২০১৮ ইং। |
| স্থান | : | অতিরিক্ত সচিব (পিপিসি) এর অফিস কক্ষ ((কক্ষ নং-৫২০, ভবন নং-০৪), কৃষি মন্ত্রণালয়। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

**পটভূমি**

বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে গত ০৪ ডিসেম্বর, ২০১৭ ইং তারিখে 'Memorandum of Understanding on Cooperation in the field of Tourism between the Government of the people's Republic of Bangladesh and the Government of the Kingdom of Cambodia' শীর্ষক একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের আলোকে গত ০৩ জানুয়ারি, ২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে কৃষি মন্ত্রণালয় কম্বোডিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে কৃষিজ উৎপাদনের ক্ষেত্রে বিনিয়োগ-সম্ভাবনার সুযোগ সৃষ্টির লক্ষ্যে উপযুক্ত নীতিমালা প্রণয়ন করতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এ বিষয়ে ২৪ জানুয়ারি, ২০১৮ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় কম্বোডিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে কৃষিজ উৎপাদনের ক্ষেত্রে বিনিয়োগ-সম্ভাবনার সুযোগ সৃষ্টির লক্ষ্যে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করার জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালকের নেতৃত্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), হর্টেক্স ফাউন্ডেশন, কৃষি বিপণন অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো, বাংলাদেশ সীড এসোসিয়েশন এবং পটেটো এক্সপোর্টারস এসোসিয়েশন এর প্রতিনিধির সমন্বয়ে একটি ১১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ি কম্বোডিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে কৃষিজ উৎপাদনের ক্ষেত্রে বিনিয়োগ-সম্ভাবনা সংক্রান্ত তথ্য চেয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র দেয়া হলে অদ্যবধি কোন তথ্য প্রেরণ করা হয়নি বিধায় কমিটি কোন কার্যক্রম চালাতে পারেনি। এই প্রক্রিয়াকে চলমান করার জন্য কৃষি মন্ত্রণালয় অদ্যকার সভা আয়োজন করে।

**১.০। আলোচনা**

১.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয় নিয়ে ফলপ্রসু আলোচনা করা হয়। উল্লেখ্য, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক কৃষিজ বিনিয়োগের সম্ভাব্য/উপযোগী (Potential) দেশ, কৃষিজ বিনিয়োগ ক্ষেত্র এবং এ সকল দেশের এ বিষয়ে বিদ্যমান নীতিমালা ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি পররাষ্ট্র মন্ত্রণালয় সংগ্রহ করে আগামী এক মাসের মধ্যে কমিটিকে প্রদান করার কথা থাকলেও কোন তথ্য প্রদান করা হয়নি। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ পূর্ব এশিয়া উইং এর পরিচালক সভাকে জানান "কম্বোডিয়াসহ বিশ্বের অন্যান্য দেশ" বিষয়টির ব্যাখ্যা অস্পষ্ট থাকায় তথ্য প্রেরণ করা সম্ভব হয়নি। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন, কম্বোডিয়াসহ মোট ১০ টি তার কর্মক্ষেত্রের আওতাভূক্ত বিধায় অন্যান্য দেশের তথ্য প্রাপ্তি ও প্রেরণ করা তার পক্ষে অসম্ভব। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী উইং তথ্য প্রদান করতে পারবে বলে সভাকে জানান। তবে কম্বোডিয়াকে মূল লক্ষ্য হিসেবে বিবেচনায় রাখায় দক্ষিণ পূর্ব এশিয়া উইং থেকে অন্যান্য শাখার সাথে যোগাযোগ করে সথাসম্ভব দ্রুততর সময়ে কমিটিকে তথ্য প্রদান করবেন বলে সভায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সম্মত হন। এ বিষয়ে কমিটির আহ্বায়ক পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করবেন।

১.২ সভায় দেশের কৃষির সামগ্রিক চিত্র, কৃষি মন্ত্রণালয়ের অগ্রাধিকার এবং কৃষিজ উৎপাদনের ক্ষেত্রে সম্ভাব্য বিশ্বের বিভিন্ন দেশ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মৎস ও প্রাণিসম্পদ কৃষির অন্তর্ভূক্ত হলেও তা মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত বিধায় এ নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে শুধুমাত্র কৃষিকে বিবেচনা করার বিষয়ে সবাই একমত হন।

১.৩ কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তরের প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড প্রতিনিধি, বাংলাদেশ রপ্তানী উন্নয় ব্যুরো'র প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ উইং এর উপরিচালক, বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি কৃষিপণ্য রপ্তানীর বাঁধাসমূহ, বাংলাদেশ ব্যাংকের নীতিমালার কারণে বিদেশে বিনিয়োগের অর্থ ছাড়করণে কী কী ধরণের সমস্যা আছে, বিদেশে বিনিয়োগ দেশে ফেরার সম্ভবনা, বিদেশে উৎপাদিত পণ্যের মুনাফার উপর কী ধরণের শুল্ক আরোপ করা হতে পারে এসব বিষয়ে আলোচনা করেন। এসব বিষয়ে তথ্য সংগ্রহ ও পরামর্শ নেয়ার জন্য জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ ব্যাংক এর নিকট পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

১.৪ হর্টেক্স ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক তাঁর আলোচনায় জানান, আমরা কোন কোন পণ্য উৎপাদন করব, উৎপাদিত পণ্য দেশে আনব কি-না, দেশে আনতে সে দেশে সে দেশের বন্দরে কোন প্রতিবন্ধকতা আছে কি-না এসব বিষয়ে নির্ধারণ করে নীতিমালায় সম্ভাব্য সমাধান সংযোজন করা যেতে পারে। এছাড়াও কোন কোন কৃষিপণ্যে বিনিয়োগ উৎসাহিত করা হবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করা যেতে পারে।

১.৫ বাংলাদেশ সীড এসোসিয়েশনের জনাব মোঃ আনিস উদ দৌলা আমাদের Intellectual Property, জার্মপ্লাজম ইত্যাদি দেশের বাইরে প্রেরণের ক্ষেত্রে সংক্রান্ত জটিলতা থাকলে তা নিরসন এবং প্রাইভেট সেক্টরের সক্ষমতা বৃদ্ধির জন্য সরকারকে সহায়তা করার বিষয়ে নীতিমালায় অন্তর্ভূক্তির ব্যাপারে মত দেন। বাংলাদেশ পটেটো এক্সপোর্টারস এসোসিয়েশনের সভাপতি ড.শেখ আব্দুল কাদের বলেন, আমারা বিদেশে High Value Farming Technology রপ্তানি করতে পারি। তিনি আরও জানার, ভিন্ন ভিন্ন দেশের জলবায়ু ও আবহাওয়ার ভিন্নতার কারণে ভিন্ন ভিন্ন কৃষিজ পণ্যে বিনিয়োগ করা লাভজনক হবে। সেক্ষেত্রে নীতিমালায় এই বিষয় বিবেচনায় রাখা যেতে পারে। প্রাইভেট সেক্টরের উদ্যোগে কিছু কিছু ক্ষেত্রে ইতোমধ্যেই বিনিয়োগ করা হচ্ছে বা বিনিয়োগ প্রচেষ্টা অব্যাহত আছে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ইতিবাচক ভূমিকা পালন করার প্রয়োজন রয়েছে। প্রাইভেট সেক্টরের প্রতিনিধিগণ বিদেশে বিনিয়োগের ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ ও পরামর্শসহ তথ্য-উপাত্ত কমিটির নিকট উপস্থাপন করবেন মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন।

১.৬ বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশনের প্রতিনিধি ড. মোঃ শমসের আলী (সাবেক মহাপরিচালক, বিনা) "আন্তর্জাতিক কৃষি বিনিয়োগ নীতি" শিরোনামের একটি খসড়া নীতিমালা সভায় উপস্থাপন করেন।

**০২। সিদ্ধান্ত**

**বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-**

২.১ কৃষিজ বিনিয়োগের সম্ভাব্য/উপযোগী (Potential) দেশ, কৃষিজ বিনিয়োগ ক্ষেত্র এবং এসকল দেশের এ বিষয়ে বিদ্যমান নীতিমালা ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ পূর্ব এশিয়া উইং এর পরিচালক ১৫ (পনের) দিনের মধ্যে কমিটিকে প্রদান করবেন;

২.২ কৃষিপণ্য রপ্তানীর বাঁধাসমূহ, বাংলাদেশ ব্যাংকের নীতিমালার কারণে বিদেশে বিনিয়োগের অর্থ ছাড়করণে কী কী ধরণের সমস্যা আছে, বিদেশে বিনিয়োগ দেশে ফেরার সম্ভবনা, বিদেশে উৎপাদিত পণ্যের মুনাফার উপর কী ধরণের শুল্ক আরোপ করা হতে পারে এসব বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ ব্যাংক ১৫ (পনের) দিনের মধ্যে তথ্য-উপাত্ত কমিটিকে প্রদান করবেন;

২.৩ বিশ্বের বিভিন্ন দেশে কৃষিজ উৎপাদনের ক্ষেত্রে বিনিয়োগে পরিলক্ষিত প্রতিবন্ধকতাসমূহের বিষয়ে প্রাইভেট সেক্টরের প্রতিনিধিগণ ১৫ (পনের) দিনের মধ্যে কমিটিকে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত প্রদান করবেন;

২.৪ কম্বোডিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে কৃষিজ উৎপাদনের ক্ষেত্রে বিনিয়োগ-সম্ভাবনার সুযোগ সৃষ্টির লক্ষ্যে নীতিমালা প্রণয়ন কমিটি আগামী ০২ (দুই) মাসের মধ্যে চূড়ান্ত খসড়া নীতিমালা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ নজমুল ইসলাম)
অতিরিক্ত সচিব (পিপিসি)